গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- স্মারক নং- ৩৩.০১.০০০০.১০১.২২.৭৫০.০৮- ২৮৬০ তারিখঃ- ২৯/১২/২০২২ খ্রিঃ
১৪/০৯/১৪২৯ বঃ

**"অফিস আদেশ"**

প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর/ ডেপুটি চীফ ইপিডেমিওলজিস্ট, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর/ উপপরিচালক (পাবলিক হেলথ), বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর/ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল/ ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল/ উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ/ উপজেলা লাইভস্টক এসিসটেন্ট/ ভেটেরিনারি ফিল্ড এসিসটেন্ট/ উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (কৃত্রিম প্রজনন/ ফিল্ড এসিসটেন্ট (কৃত্রিম প্রজনন) ও উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (প্রাণিস্বাস্থ্য/ কম্পাউন্ডার/ ভেটেরিনারি কম্পাউন্ডার, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালসমূহের কর্মকর্তাদের দায়িত্বাবলী পুর্নবন্টনসহ নবসৃষ্ট জেলা কৃত্রিম প্রজনন দপ্তরসমূহের কর্মকর্তাদের দায়িত্ব বিভাজন করা হলো। এতদ্বারা দায়িত্ব পুর্নবন্টন ও বিভাজন অনুসারে বর্ণিত দপ্তরসমূহের কর্মকর্তাদের দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তি:- বর্ণনামতে- ৮(আট) পাতা।

২৯/১২/২২

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর,বাংলাদেশ, ঢাকা।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):-**

১. পরিচালক, প্রশাসন/ সম্প্রসারণ/ উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।
৩. পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমি, সাভার, ঢাকা।
৪. পরিচালক, হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৫. পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৬. পরিচালক, কেন্দ্রীয় মুরগী খামার মিরপুর, ঢাকা।
৭. পরিচালক, প্রাণিসম্পদ ঔষধাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৮. চীফ সায়েন্টিফিক অফিসার, ভাইরোলজি/ টক্সিকোলজি এন্ড জুরিসপ্রুডেন্স/ প্যাথলজি/ এক্টোপ্যারসাইটোলজি/ এন্ডোপ্যারাসাইটোলজি অনুবিভাগ, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৯. পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা।
১০. পরিচালক, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা।
১১. পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১২. পরিচালক, পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১৩. পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ সিলেট/ রাজশাহী/ খুলনা / বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ।
১৪. উপপরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৫. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, .................................।
১৬. জেলা ট্রেনিং অফিসার, জেলা প্রাণিসম্পদ দপ্তর,...................................।

১৭. উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র,. . . .. . . . . . . . . . .. . . . . . . . . .. . . . . .।
১৮. ভেটেরিনারি অফিসার, জেলা ভেটেরিনারি হাসপাতাল, . . . .. . . . . . . . . . .. . . . . . . . . .. . . . . .।
১৯. উপপরিচালক (লেজিসলেশন, প্রশাসন/ নিবন্ধন/সার্টিফিকেশন), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২০. উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য শাখা/ খামার/ মানব সম্পদ উন্নয়ন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২১. অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর, . . .. . . . . . . . . . .. . . . . . . . . .. . . . . .।
২২. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, . . . . . . . . . . . . . . . .. . . . . . . . . .. . . . . .।
২৩. থেরিওজেনোলোজিস্ট, জেলা কৃত্রিম প্রজনন দপ্তর,. . .. . . . . . . . . . .. . . . . . . . . .. . . . . .।
২৪. সায়েন্টিফিক অফিসার, জেলা কৃত্রিম প্রজনন দপ্তর,. . .. . . . . . . . . . .. . . . . . . . . .. . . . . .।
২৫. ভেটেরিনারি সার্জন, জেলা ভেটেরিনারি হাসপাতাল, . . .. . . . . . . . . . .. . . . . . . . . .. . . . . .।
২৬. . . . . .. . . . . . .. . . . . . . . . . .. . . . . . . . . .. . . . . . . . . .. . . . . . . . . .. . . . . .।
২৭. অফিস কপি।

সদয় অবগতির জন্যঃ-

সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

**পদের নাম: পরিচালক (বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর)** [মাঠপর্যায়ে সম্প্রসারণ কার্যক্রমের ফোকাল পার্সন, নীতি নির্ধারক ও সমন্বয়ক এবং প্রাণিরোগ নিয়ন্ত্রণ, প্রতিরোধ ও জনস্বাস্থ্য সুরক্ষা কার্যক্রমের পর্যবেক্ষক ও নিয়ন্ত্রক হিসেবে ভূমিকা রাখবেন]

১) প্রাণিসম্পদ অধিদপ্তরের নির্দেশনা ও সময় কাঠামো (Time Frame) অনুসারে খসড়া কর্মসম্পাদন চুক্তি প্রস্তুত করবেন, চুক্তি বাস্তবায়ন কমিটি'র অনুমোদন সাপেক্ষে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরের সাথে চুক্তি স্বাক্ষর করবেন ও চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করবেন।

২) অর্থবছরের শুরুতে সম্প্রসারণ কার্যক্রমের (কর্মসম্পাদন চুক্তিভুক্ত ও চুক্তিবহির্ভূত) লক্ষ্যমাত্রা জেলাওয়ারী বিভাজন সম্পন্ন করবেন। লক্ষ্যমাত্রা বিভাজনে জেলার ইউনিয়ন সংখ্যা, প্রাণিসম্পদ পপুলেশন ডাটা ও প্রাণিজ আমিষের উৎপাদন সক্ষমতা সক্রিয় বিবেচনায় আনবেন এবং স্থিরকৃত লক্ষ্যমাত্রা অর্জনে বাস্তবায়ন তদারকি ও জবাবদিহিতা নিশ্চিত করবেন।

৩) অফিস কক্ষের ডিসপ্লে বোর্ডে প্রাণিসম্পদ বিষয়ক হালনাগাদ তথ্য ও পরিসংখ্যান উপস্থাপন করবেন, সিটিজেন চার্টারসহ প্রাণিসম্পদ সেক্টরের প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবপোর্টালে (তথ্য বাতায়ন) আপলোড করবেন ও হালনাগাদ রাখবেন।

৪) বিভাগীয় কার্যক্রমের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রতিবেদন (মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক) প্রস্তুত করবেন, প্রতিবেদনের তথ্যাদি যাচাই শেষে প্রতিস্বাক্ষর করবেন এবং নির্ধারিত সময়ে পরিচালক, সম্প্রসারণ বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন। অনলাইন রিপোর্টিংয়ের ক্ষেত্রে নির্দিষ্ট সফটওয়্যারে ডাটা এন্ট্রি তত্ত্বাবধান ও যাচাইপূর্বক প্রতিবেদন প্রেরণ করবেন।

৫) বাণিজ্যিক খামার, পশুখাদ্য উৎপাদক/প্রক্রিয়াকারক/বিক্রয় প্রতিষ্ঠান, মাংস প্রক্রিয়াকরণ প্রতিষ্ঠান, জবাইখানা এবং মাংস বিক্রয় স্থাপনাসহ সকল কমার্শিয়াল এন্টারপ্রাইজ নিয়মিত পরিদর্শন, পরামর্শ প্রদান ও আইনগত বাধ্যবাধকতা পূরণের উদ্যোগ গ্রহণ করবেন।

৬) প্রাণিসম্পদ সেক্টরে Climate smart টেকসই প্রযুক্তির চাহিদা নিরুপন, প্রযুক্তি সম্প্রসারণ ও হস্তান্তরিত প্রযুক্তির বিষয়ে খামারি/কৃষক পর্যায়ে 'গ্রহণযোগ্যতা' বিবেচনাসহ উদ্ভূত সমস্যা চিহ্নিতকরণ এবং প্রয়োজনীয় ফীড ব্যাক প্রদান করবেন।

৭) রোগ প্রাদুর্ভাব (Disease Outbreak) অনুসন্ধান ও মোকাবেলা, ডিজিজ সার্ভিল্যান্স (Disease Surveillance) এবং অর্থনৈতিক গুরুত্ববহ প্রাণিরোগ বিস্তারের ম্যাপ (Disease Scenerio Map) প্রণয়ন কাজে মাঠপর্যায়ের কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করবেন।

৮) উৎপাদন পর্যায়ে বায়োসিকিউরিটি ব্যবস্থা উন্নয়ন, প্রাণিসম্পদ সেক্টরে এন্টিবায়োটিকের ব্যবহার সীমিতকরণ ও যৌক্তিক ব্যবহার নিশ্চিতকরণ এবং জুনোটিক রোগ প্রতিরোধে সমন্বয় সাধন ও নির্দেশনা প্রদান করবেন।

৯) রাজস্ব এবং উন্নয়ন প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন ও পরিবীক্ষণ করবেন, প্রতিবন্ধকতাসমূহ সমাধানের উদ্যোগ গ্রহণ করবেন এবং অত্যাবশ্যকীয় ক্ষেত্রে, প্রয়োজনীয় সুপারিশ/মতামত প্রদান করবেন।

১০) অভিযোগ গ্রহণ ও যৌক্তিক/নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তি করবেন।

১১) অধিদপ্তরের নির্দেশনার আলোকে প্রাণিসম্পদ সম্পর্কিত বিভিন্ন দিবস ও সপ্তাহ (বিশ্ব দুগ্ধ দিবস, ডিম দিবস, World Rabies Day, প্রাণিসম্পদ সেবা সপ্তাহ প্রভৃতি) উদযাপন করবেন এবং `Food System Transformation' বাস্তবায়নে `Nutrition Advocacy' উদ্যোগ গ্রহণ করবেন।

১২) স্থানীয় প্রশাসন, স্থানীয় সরকার প্রতিষ্ঠান এবং অধিদপ্তরের সাথে সমন্বয় রক্ষা করে জাতীয় ও স্থানীয় দুর্যোগ মোকাবেলায় অর্পিত দায়িত্ব পালনসহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

১৩) সর্বোপরি, স্থানীয় সরকার, প্রশাসন এবং সরকারি-বেসরকারি সেক্টরের সকল স্টেকহোল্ডারদের সাথে আন্তরিক ও নিবিড় যোগাযোগ প্রতিষ্ঠা, আস্থা অর্জন, সমন্বয় সাধন এবং শুদ্ধাচার বজায় রেখে কর্মসম্পাদন নিশ্চিত করবেন।

**পদের নাম: ডেপুটি চীফ ইপিডেমওলজিস্ট (বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর)** [প্রাণিরোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কার্যক্রমের বিভাগীয় ফোকাল পার্সন হিসেবে দায়িত্ব পালন করবেন]

১) প্রাণিরোগের এপিডেমিওলজিক্যাল অনুসন্ধানে (Disease Investigation) প্রাপ্ত/প্রাণিরোগের রুটিন তথ্যাদি সংগ্রহ ও বিশ্লেষণ এবং Bangladesh Animal Health Intelligence System (BAHIS) সফটওয়্যারে ডাটাবেজ সংরক্ষণ করবেন।

২) সংক্রামক রোগের সংক্রমণ হার নির্ণয় করে রোগ বিস্তার পূর্বাভাষ (Disease Trend) সম্পর্কে কতৃপক্ষকে অবহিত করবেন এবং রোগ নিয়ন্ত্রণ কৌশলপত্র (Strategic Plan) প্রণয়নে সুপারিশ/মতামত প্রদান করবেন।

৩) অর্থনৈতিক গুরুত্ববহ প্রাণিরোগ বিস্তার (Disease Scenerio) সম্পর্কিত ডাটা (Spatial and Temporal Data) সংগ্রহ ও বিশ্লেষণ করে ফলাফলের ভিত্তিতে জেলাভিত্তিক 'ডিজিজ ম্যাপ' প্রণয়ন করবেন এবং ডিজিজ ম্যাপ অনুসারে রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে মাঠপর্যায়ের কর্মকর্তাদের পরামর্শ প্রদান করবেন।

৪) সংক্রামক প্রাণিরোগের প্রাদুর্ভাব (Disease Outbreak) মোকাবেলায় প্রত্যক্ষ (Active) ও পরোক্ষ (Passive) ডিজিজ সার্ভিল্যান্স নেটওয়ার্ক স্থাপনে পরামর্শ ও সহায়তা প্রদান করবেন এবং সার্ভিলেন্স ডাটা যাচাই ও বিশ্লেষণ শেষে এপিডেমিওলজিক্যাল সেলে প্রেরণ করবেন।

৫) সংক্রামক প্রাণিরোগের প্রাদুর্ভাব (Disease Outbreak) নিয়ন্ত্রণে স্থানীয় আউটব্রেক ইনভেস্টিগেশন পরিচালনায় সক্রিয় নেতৃত্ব প্রদান করবেন এবং প্রাপ্ত তথ্যাদি সংগ্রহ ও বিশ্লেষণপূর্বক মাঠপর্যায়ে রোগ নিয়ন্ত্রণে পরামর্শ প্রদান করবেন।

৬) কমিউনিটি পর্যায়ে অংশগ্রহণমূলক ডিজিজ সার্ভিল্যান্স (Participatory Disease Surveillance) বাস্তবায়নে U2C (Upazila to Community) উদ্যোগ নিয়মিত তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও রিপোর্টিং করবেন।

৭) Transboundary Animal Diseases (TADs) এর প্রবেশ ও বিস্তার রোধকল্পে কোয়ারেন্টাইন স্টেশনসমূহের কার্যক্রম তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও পরামর্শ প্রদান করবেন।

৮) রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিবীক্ষণ ও বাস্তবায়ন করবেন, বাস্তবায়ন প্রতিবন্ধকতাসমূহ নিরসনে উদ্যোগ গ্রহণ করবেন এবং আবশ্যকীয় ক্ষেত্রে, প্রয়োজনীয় সুপারিশ/মতামত প্রদান করবেন।

৯) ডিজিজ সার্ভিল্যান্স, আউটব্রেক ইনভেস্টিগেশন ও রোগ নিয়ন্ত্রণ বিষয়ে মাঠপর্যায়ে প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান এবং স্টেকহোল্ডারদের ধারণা প্রদান ও সচেতনতা সৃষ্টির উদ্যোগ গ্রহণ করবেন।

১০) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব ও নির্দেশনা যথাযথভাবে পালন করবেন।

**পদের নাম: উপপরিচালক (পাবলিক হেলথ্) (বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর)** [জনস্বাস্থ্য সুরক্ষা কার্যক্রমের বিভাগীয় ফোকাল পার্সন এবং উন্নত খামার ব্যবস্থাপনা বাস্তবায়নে নেতৃত্ব প্রদান করবেন]

১) জুনোটিক (মানুষ ও প্রাণীতে পরস্পর সংক্রমণযোগ্য) রোগসমূহ যথা- যক্ষা, জলাতংক, তড়কা, ব্রুসেলোসিস, এভিয়ান ইনফ্লুয়েঞ্জা প্রভৃতির তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ এবং Bangladesh Animal Health Intelligence System (BAHIS) সফটওয়্যারে ডাটাবেজ সংরক্ষণ করবেন।

২) পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণে জবাই পূর্ব প্রাণীর স্বাস্থ্য পরীক্ষা (Ante-mortem Inspection) ও জবাই পরবর্তী মাংস পরীক্ষা (Post-mortem Inspection) কার্যক্রম তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও রিপোর্টিং করবেন।

৩) বাণিজ্যিক লাইভস্টক এন্টারপ্রাইজের মালিক/কর্মচারী/খামারীদের স্বাস্থ্যসম্মত পরিবহন, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং বাজার/হাট, লাইভ বার্ড মার্কেট, জবাইখানা, মাংস বিক্রয় স্থাপনা প্রভৃতি নিয়মিত পরিদর্শন বিষয়ে নির্দেশনা প্রদান ও তত্ত্বাবধান করবেন।

৪) লাইভস্টক এন্টারপ্রাইজ যথা- ফিড মিল, পশুখাদ্য উপকরণ আমদানি, প্রক্রিয়াকরণ ও বিক্রয় প্রতিষ্ঠান, পোল্ট্রি ব্রিডিং খামারি ও হ্যাচারি, পোল্ট্রি ও ডেইরি খামার, হৃষ্টপুষ্টকরণ খামার, জবাইখানা, মাংস বিক্রয় স্থাপনা প্রভৃতির তথ্য সংগ্রহ ও জেলাভিত্তিক ডাটাবেইজ প্রস্তুত করবেন।

৫) লাইভস্টক এন্টারপ্রাইজ নিয়মিত পরিদর্শন, পশুখাদ্য/প্রাণিজাত খাদ্যের নমুনা প্রেরণ এবং অনিবন্ধিত ফিডমিল/পশুখাদ্য প্রতিষ্ঠান/ জবাইখানা/মাংস প্রক্রিয়াকরণ ও বিক্রয় প্রতিষ্ঠান সম্পর্কিত বিদ্যমান আইনের প্রয়োগ তত্ত্বাবধান ও পরিবীক্ষণ করবেন।

৬) জুনোটিক (Zoonotic) রোগ নিয়ন্ত্রণে সন্দেহজনক পরিস্থিতি (Suspected Case) মোকাবেলায় এপিডেমিওলজিক্যাল অনুসন্ধান তত্ত্বাবধান করবেন এবং প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে রোগ নিয়ন্ত্রণে পদক্ষেপ গ্রহণ করবেন।

৭) নিরাপদ ও স্বাস্থ্যসম্মত উৎপাদন ব্যবস্থা বাস্তবায়নে Good Livestock Practice (GLP) প্রাতিষ্ঠানিকীরণ তত্ত্বাবধান ও পরিবীক্ষণ করবেন এবং একইসাথে মানসম্মত প্রাণিজ পণ্যের ভ্যালু এডিশনে সার্টিফিকেশন ব্যবস্থা প্রচলনের উদ্যোগ গ্রহণ করবেন।

৮) জনস্বাস্থ্য সুরক্ষায় সচেতনতা সৃষ্টিতে ক. সভা/সেমিনার/ওয়ার্কশপ/খামারি সমাবেশ/খামারি মাঠ দিবস আয়োজন, খ. প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার, গ. বিলবোর্ড/লিফলেট/বুকলেট প্রকাশনা, ঘ. লিড খামারি/খামারি অর্গানাইজেশন প্রতিনিধিদের প্রশিক্ষণ প্রদান এবং ঙ. বাণিজ্যিক ও ব্রিডিং খামার পরিদর্শন প্রভৃতি তত্ত্বাবধান ও পরিবীক্ষণ করবেন।

৯) ওয়ান হেলথ (One Health) পরিকাঠামোর অধীনে জুনোটিক (Zoonotic) রোগ নিয়ন্ত্রণে সরকারি ও বেসরকারি স্টেকহোল্ডারদের সাথে পারস্পরিক যোগাযোগ ও সমন্বয় সাধন করবেন।

১০) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব ও নির্দেশনা যথাযথভাবে পালন করবেন।

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

**পদের নাম: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল)** [উপজেলার প্রাণিসম্পদ বিভাগীয় ফোকাল পার্সন ও সমন্বয়ক হিসেবে কাজ করবেন এবং সেক্টরের সকল কার্যক্রমের পর্যবেক্ষক, বাস্তবায়নকারী ও নিয়ন্ত্রক হিসেবে ভূমিকা রাখবেন]

১) প্রাণিসম্পদ অধিদপ্তরের নির্দেশনা ও সময় কাঠামো (Time Frame) অনুসারে খসড়া কর্মসম্পাদন চুক্তি প্রস্তুত করবেন, চুক্তি বাস্তবায়ন কমিটি'র অনুমোদন সাপেক্ষে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা'র সাথে চুক্তি স্বাক্ষর করবেন ও চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করবেন।

২) অর্থবছরের শুরুতে সম্প্রসারণ কার্যক্রমের (কর্মসম্পাদন চুক্তিভূক্ত ও চুক্তিবহির্ভূত) লক্ষ্যমাত্রা ইউনিয়নওয়ারী বিভাজন সম্পন্ন করবেন। বিভাজনের আলোকে বিভাগীয় কর্মীদের মাঝে নির্ধারিত কার্যক্রমসমূহ বন্টন, বাস্তবায়ন তদারকি ও জবাবদিহিতা নিশ্চিত করবেন।

৩) সম্প্রসারণ কার্যক্রমের লক্ষ্যমাত্রার আলোকে প্রতিমাসের ৩য় সপ্তাহে পরবর্তী মাসের মাসিক কর্মপরিকল্পনা প্রস্তুত করবেন এবং জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা'র অনুমোদন গ্রহণ করবেন।

৪) প্রাণিসম্পদ বিষয়ক হালনাগাদ তথ্য ও পরিসংখ্যান অফিস কক্ষের ডিসপ্লে বোর্ডে উপস্থাপন করবেন, সিটিজেন চার্টারসহ প্রাণিসম্পদ সেক্টরের প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবপোর্টালে (উপজেলা তথ্য বাতায়ন) আপলোড করবেন ও হালনাগাদ রাখবেন। সম্প্রসারণ কার্যক্রমের হালনাগাদ পাওয়ার পয়েন্ট উপস্থাপনা প্রস্তুত রাখবেন।

৫) কর্মপরিকল্পনার আলোকে সাপ্তাহিক ভিত্তিতে বাস্তবায়িত সকল সম্প্রসারণ কার্যক্রমের তথ্যাদি কর্মকর্তা-কর্মচারিবৃন্দের জন্য নির্ধারিত রেজিষ্টার, শীট ও কম্পিউটার ডাটাবেইজে সংরক্ষণ নিশ্চিত করবেন।

৬) বিভাগীয় কার্যক্রমের সংরক্ষিত তথ্যের ভিত্তিতে প্রতিবেদন প্রস্তুত করবেন, উপস্থাপিত তথ্যের সাথে রেজিষ্টার ও শীটে সংরক্ষিত তথ্যের সাযুজ্যকরণ শেষে প্রতিস্বাক্ষর করবেন এবং নির্ধারিত সময়ে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবর প্রতিবেদন (মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক) প্রেরণ করবেন।

৭) পশুখাদ্য উৎপাদন ও চাহিদা বিষয়ক তথ্যাদি এবং প্রাণিজাত পণ্য ও উৎপাদন উপকরণের বাজার দর পর্যবেক্ষণ প্রতিবেদন দাখিল করবেন। এক্ষেত্রে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে প্রয়োজনীয় যোগাযোগ বজায় রাখবেন।

৮) অনলাইন রিপোর্টিংয়ের ক্ষেত্রে নির্দিষ্ট সফটওয়্যারে ডাটা এন্ট্রি তত্ত্বাবধান ও যাচাইপূর্বক প্রতিবেদন প্রেরণ করবেন।

৯) বাণিজ্যিক খামারের নিবন্ধন ও নিবন্ধন নবায়ন, পশুখাদ্য বিক্রয় প্রতিষ্ঠান, মাংস প্রক্রিয়াকরণ প্রতিষ্ঠান, জবাইখানা এবং মাংস বিক্রয় স্থাপনার লাইসেন্সের আবেদন গ্রহণ, প্রাক-যোগ্যতা যাচাই ও সুপারিশ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবেন।

১০) বাণিজ্যিক খামার, পশুখাদ্য উৎপাদক/প্রক্রিয়াকারক/বিক্রয় প্রতিষ্ঠান এবং সকল কমার্শিয়াল এন্টারপ্রাইজ নিয়মিত পরিদর্শন, পরামর্শ প্রদান ও আইনগত বাধ্যবাধকতা পূরণের উদ্যোগ গ্রহণ করবেন।

১১) কৃষক/খামারি ও স্টেকহোল্ডারদের চাহিদা অনুসারে প্রশিক্ষণের আয়োজন করবেন এবং উপজেলা পরিষদে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (ADP) আওতায় প্রশিক্ষণ প্রকল্প গ্রহণ করবেন।

১২) উপজেলা প্রশাসনের সহায়তায় প্রাণিসম্পদ বিষয়ক মোবাইল কোর্ট পরিচালনা করবেন।

১৩) মৎস্য ও প্রাণিসম্পদ খাতে ক্ষুদ্র ঋণ কার্যনির্দেশিকা' ২০১১ এর আলোকে ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করবেন এবং প্রতিবেদন প্রেরণ করবেন।

১৪) অভিযোগ গ্রহণ ও যৌক্তিক/নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তি করবেন।

১৫) চলমান উন্নয়ন প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন ও পরিবীক্ষণ করবেন, প্রতিবন্ধকতাসমূহ সমাধানের উদ্যোগ গ্রহণ করবেন এবং অত্যাবশ্যকীয় ক্ষেত্রে প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ করবেন।



6

১৬) প্রাণিসম্পদ সম্পর্কিত বিভিন্ন দিবস ও সপ্তাহ (দুগ্ধ দিবস, ডিম দিবস, জলাতঙ্ক দিবস, সেবা সপ্তাহ প্রভৃতি) অধিদপ্তরের নির্দেশনার আলোকে উদযাপন করবেন এবং দাপ্তরিক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত রাখবেন।

১৭) স্থানীয় প্রশাসন, স্থানীয় সরকার প্রতিষ্ঠান (ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও উপজেলা পরিষদ) এবং অধিদপ্তরের সাথে সমন্বয় রক্ষা করে জাতীয় ও স্থানীয় দুর্যোগ মোকাবেলায় অর্পিত দায়িত্ব পালন করবেন।

১৮) সর্বোপরি, স্থানীয় সরকার ও উপজেলা প্রশাসন এবং সরকারি-বেসরকারি সেক্টরের সকল স্টেকহোল্ডারদের সাথে আন্তরিক ও নিবিড় যোগাযোগ প্রতিষ্ঠা, আস্থা অর্জন, সমন্বয় সাধন এবং শুদ্ধাচার বজায় রেখে কর্মসম্পাদন নিশ্চিত করবেন।

**পদের নাম: ভেটেরিনারি সার্জন (উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল)** [বিদ্যমান প্রাণিসম্পদের সংরক্ষণে ভেটেরিনারি সার্ভিসের ফোকাল পার্সন হিসেবে দায়িত্ব পালন করবেন]

১) কর্মসম্পাদন চুক্তির চিকিৎসা বিষয়ক লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকবেন এবং উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে চুক্তি বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

২) আউটডোর ও ইনডোর ব্যবস্থাপনায় রোগাক্রান্ত গবাদিপশু, পোল্ট্রি ও পোষা প্রাণি'র চিকিৎসা ও পরামর্শ প্রদান করবেন।

৩) উপজেলার চিকিৎসা তথ্যাদি রেজিস্টারে লিপিবদ্ধ করবেন, মাঠ পর্যায়ের প্রাথমিক চিকিৎসা সেবা সমন্বয় ও তথ্যাদি রেজিস্টারে লিপিবদ্ধকরণ নিশ্চিত করবেন। মাসিক ভিত্তিতে নির্ধারিত ছকে চিকিৎসা সম্পর্কিত তথ্যাদি সারসংক্ষেপ আকারে সংরক্ষণ করবেন এবং ডিজিজ ডাটা Bangladesh Animal Health Intelligence System (BAHIS) সফটওয়্যারে আপলোড করবেন।

৪) মাঠপর্যায়ে গবাদিপশু-পাখির খোঁজাকরণ কার্যক্রম তত্ত্বাবধান করবেন, প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করবেন, হাসপাতালে আনীত গবাদিপশুর খোঁজাকরণ ও পোষা প্রাণীর বন্ধ্যাকরণ সম্পাদন করবেন ও তথ্যাদি রেজিষ্টারে লিপিবদ্ধ করবেন।

৫) রোগ শানাক্তকরণ অথবা আইনগত প্রয়োজনে গবাদিপশু, পোষা প্রাণী ও পোল্ট্রির পোস্টমর্টেম সম্পন্ন করবেন ও তথ্যাদি পোস্টমর্টেম রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।

৬) অসুস্থ গবাদিপশু-পাখির নমুনা সংগ্রহ ও পরীক্ষা করবেন এবং প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করবেন।

৭) জবাইখানায় (Slaughter house) স্যানিটারি ব্যবস্থাপনাসহ জবাই পূর্ব ও জবাই পরবর্তী পরিদর্শনের মাধ্যমে মানসম্মত মাংস উৎপাদনে সহায়তা করবেন।

৮) মাসিক কর্মপরিকল্পনা অনুসারে ভেটেরিনারি সেবা সম্প্রসারণে প্রতি সপ্তাহে কমপক্ষে একটি ইউনিয়নে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প পরিচালনা করবেন।

৯) দাপ্তরিক টিকা, ঔষধ ও যন্ত্রপাতির যথাযথ ব্যবহার, রক্ষণাবেক্ষণ এবং স্টোর ব্যবস্থাপনা ও পরিচালনা করবেন।

১০) অনলাইন প্লাটফর্মে খামারিদের চিকিৎসা ও পরামর্শ সেবা প্রদান করবেন এবং ডিজিটাল ডাটাবেইজে প্রাণিরোগ চিকিৎসা, সংক্রামক রোগ, জুনোটিক রোগ এবং ট্রান্সবাউন্ডারি রোগসমূহের তথ্যাদি সংরক্ষণ করবেন।

১১) চিকিৎসা ও সংক্রামক রোগ তথ্যাদি বিশ্লেষণপূর্বক উপজেলা ডিজিজ ম্যাপ ও বছরভিত্তিক ভ্যাক্সিনেশন খসড়া কর্মপরিকল্পনা প্রস্তুত করবেন।

১২) কৃত্রিম প্রজনন সেবাদানকারী কর্তৃক উপস্থাপিত রিপিট ব্রিডিং সমস্যা নিরসনে উদ্যোগ গ্রহণ করবেন ও ইনফার্টিলিটি সমস্যার রেফারেল তালিকা প্রস্তুত করবেন। উৎপাদিত সংকর জাতের বাছুরের জন্য তালিকা অনুসারে কৃমিনাশক ঔষধ বিতরণ করবেন ও খামার মালিকদের নিকট মোবাইলে বাছুর পালন বিষয়ক বার্তা প্রেরণ করবেন।

১৩) ভূমিবৈচিত্র্য (Topographic Distribution) ভিত্তিক মাঠকর্মীদের ডিওয়ার্মিং প্রোটোকল এবং প্রাণিপুষ্টি ও প্রাণিপুষ্টি প্রযুক্তি বিষয়ক ধারণা প্রদান করবেন।

১৪) মডেল ভিলেজ কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং করবেন।

১৫) সর্বোপরি, উপজেলার প্রাণিসম্পদ সম্প্রসারণ কার্যক্রম পরিদর্শন ও মনিটরিং কাজে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে সহায়তা প্রদান করবেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করবেন।

**পদের নাম: উপসহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ)/উপজেলা লাইভস্টক এসিসট্যান্ট/ভেটেরিনারি ফিল্ড এসিসট্যান্ট (উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল)** [ইউনিয়ন পর্যায়ে প্রাণিসম্পদ সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়ন করবেন]

১) সম্প্রসারণ কার্যক্রমের দাপ্তরিক মাসিক কর্মপরিকল্পনা অনুসারে কার্যক্রম সুনির্দিষ্ট করবেন এবং উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অনুমোদন গ্রহণ করবেন।

২) সম্প্রসারণ সেবা খামারির দোরগোড়ায় পৌঁছানো এবং তথ্যাদি প্রাপ্তি সহজতর করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মএলাকার ইউনিয়নসমূহে আবশ্যিকভাবে 'লিড খামারি' ও 'প্রাণিসম্পদ সেবাদানকারী' প্রতিনিধির মাধ্যমে প্রান্তিক খামারিদের সাথে কার্যকর 'সংযোগ' প্রতিষ্ঠা করবেন।

৩) খামার স্থাপন, ভ্যাকসিনেশন, ডিওয়ার্মিং, নিরাপদ দুধ, ডিম ও মাংস উৎপাদন প্রভৃতি বিষয়ে ইউনিয়ন পরিষদের সক্রিয় অংশগ্রণের মাধ্যমে ক্যাম্পেইন/খামারি সমাবেশ, উঠান বৈঠক, কৃষক মাঠস্কুল, মাঠ দিবস, ফিল্ড ভিজিট, মতবিনিময় সভা প্রভৃতি আয়োজন করবেন ও প্রযোজ্য ক্ষেত্রে, প্রদর্শনী স্থাপন করবেন।

৪) অর্পিত সম্প্রসারণ কার্যক্রমসমূহ যথা- গবাদিপশু-পাখির টিকা প্রদান ও প্রাথমিক চিকিৎসা সেবা, খামার স্থাপন, ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প আয়োজন এবং খামারিদের পরামর্শ সেবা প্রদান মাঠপর্যায়ে বাস্তবায়ন করবেন, নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হবেন ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নিকট ব্যক্তিগতভাবে দায়বদ্ধ থাকবেন।

৫) প্রাণিসম্পদ সেক্টরের ডাটাবেইজ হালনাগাদকরণে- (ক) প্রাণিসম্পদ পরিসংখ্যান ও প্রাণিজাত উৎপাদন (খ) প্রজাতিভিত্তিক খামার স্থাপন, বন্ধ খামার এবং খামার নিবন্ধন ও নবায়ন, (গ) বাজারভিত্তিক গবাদিপশু জবাই ও প্রাণিসম্পদ আইটেমসমূহের বাজারদর (ঘ) ব্যবসায়িক উদ্যোক্তার তালিকা, (ঙ) ক্যাটাগরিভিত্তিক পশুখাদ্য প্রতিষ্ঠানের তালিকা এবং (চ) মাংস উৎপাদন, জবাইখানা এবং মাংস বিক্রয় স্থাপনার তালিকা বিষয়ক তথ্যাদি সরবরাহ নিশ্চিত করবেন।

৬) আপতকালীন দুর্যোগ/জরুরী পরিস্থিতি মোকাবেলায় এবং কোরবানির পশুর হাটে ভেটেরিনারি মেডিকেল টিমের সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন।

৭) সাপ্তাহিক শেষ কর্মদিবস (বৃহস্পতিবার) অপরাহ্নে দাপ্তরিক মতবিনিময় সভায় অংশগ্রহণ, সম্প্রসারণ কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন এবং সম্প্রসারণ রেজিষ্টারসমূহ হালনাগাদ করবেন।

৮) উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে নির্ধারিত সময়ে দাপ্তরিক ডাটাবেইজ তথ্য সংগ্রহ শীট দাখিল, সম্প্রসারণ প্রতিবেদন তৈরি ও নির্ধারিত কর্মসম্পাদন রেজিষ্টারসমূহ প্রতিস্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করবেন।

৯) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অংশ হিসেবে পার্টিসিপেটোরি লাইভস্টক এসেসম্যান্ট, এভিয়ান ইনফ্লুয়েঞ্জা ইনভেস্টিগেশন, ডিজিজ ইনভেস্টিগেশন, ফার্ম এসেসম্যান্ট ও নমুনা প্রেরণের মাধ্যমে ডিজিজ সার্ভিলেন্স কার্যক্রম বাস্তবায়নে সহায়তা করবেন।

১০) নিরাপদ দুধ, ডিম ও মাংস উৎপাদনে কৃষক/খামারিদের পরামর্শ প্রদান এবং উন্নয়ন প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদান করবেন।

১১) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব ও নির্দেশনা যথাযথভাবে পালন করবেন।

**পদের নাম: উপসহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা (কৃত্রিম প্রজনন)/ফিল্ড এসিসট্যান্ট (কৃত্রিম প্রজনন) (উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল)** [নির্ধারিত এলাকায় গবাদিপশুর (গরু/মহিষ/ছাগল/ভেড়া) কৃত্রিম প্রজনন ও চিহ্নিতকরণ (Identification) কার্যক্রম বাস্তবায়ন করবেন]

১) সম্প্রসারণ কার্যক্রমের দাপ্তরিক মাসিক কর্মপরিকল্পনা অনুসারে কার্যক্রম সুনির্দিষ্ট করবেন এবং উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অনুমোদন গ্রহণ করবেন। ,

২) কৃত্রিম প্রজনন কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হবেন ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নিকট ব্যক্তিগতভাবে দায়বদ্ধ থাকবেন।

৩) সরবরাহকৃত সিমেন সঠিকভাবে সংরক্ষণ নিশ্চিত করবেন, তরল নাইট্রোজেন ব্যবহারে মিতব্যায়ী হবেন, কৃত্রিম প্রজনন নির্দেশিকা অনুসারে সিমেন নির্বাচন করবেন, কৃত্রিম প্রজননের পূর্বে পরীক্ষার মাধ্যমে (Rectal Palpation) গাভীর 'প্রজনন উপযুক্ততা' নির্ধারণ করবেন এবং বিভাগীয় নির্দেশনার আলোকে কৃত্রিম প্রজনন কার্যক্রম বাস্তবায়ন করবেন।

৪) কৃত্রিম প্রজননের পর কৃত্রিম প্রজনন কার্ড সরবরাহ ও প্রজনন তথ্যাদি রেজিষ্টারে লিপিবদ্ধ করবেন এবং গর্ভবতী বকনা/গাভীর ও সংকর জাতের বাছুরের পরিচর্যা বিষয়ে পরামর্শ প্রদান করবেন।

৫) ব্রিডিং রেকর্ড সংরক্ষণার্থে কৃত্রিম প্রজননের আওতাধীন গবাদিপশু (Breedable Animal) চিহ্নিত করবেন এবং ব্রিডিং ডাটা আপলোড ও সংরক্ষণ করবেন।

৬) ইনফার্টিলিটি ও রিপিট ব্রিডিং সমস্যা সমাধানে কৃষক/খামারীকে ভেটেরিনারি সার্জনের পরামর্শ গ্রহণের উপদেশ দিবেন, দৈবচয়নভিত্তিতে প্রজননকৃত গাভী/বকনার গর্ভপরীক্ষা সম্পন্ন করবেন এবং গর্ভপরীক্ষার ফলাফল কৃত্রিম প্রজনন রেজিষ্টারে লিপিবদ্ধ করবেন।

৭) প্রজননকৃত গাভী/বকনার বাচ্চা উৎপাদন তথ্য (১০০%) প্রজেনি রেজিষ্টারে লিপিবদ্ধ করবেন এবং সংকর জাতের বাছুরের পরিচর্যা তত্ত্বাবধান করবেন, বাছুরের পরিচর্যা নিশ্চিতকরণে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ রেজিস্টারে কৃষক/খামার মালিকের মোবাইল নম্বর আবশ্যিকভাবে সংরক্ষণ করবেন।

৮) কর্মএলাকার উচ্চগুণগত বৈশিষ্ট্যের অধিকারী গাভীসমূহ (এলিট গাভী) তালিকাবদ্ধ করবেন এবং উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে তালিকা সরবরাহ করবেন।

৯) সকল মজুদ রেজিষ্টারসমূহ [সিমেন রেজিষ্টার, তরল নাইট্রোজেন রেজিষ্টার, স্টক রেজিষ্টার (দৈনন্দিন ব্যবহার্য) এবং স্টক রেজিষ্টার (কৃত্রিম প্রজনন যন্ত্রপাতি)] নিয়মিত হালনাগাদ রাখবেন এবং প্রতিস্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করবেন।

১০) উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে কৃত্রিম প্রজনন বিষয়ক প্রতিবেদন প্রস্তুত ও প্রাণিপুষ্টি বিষয়ক তথ্য সংগ্রহসহ নির্ধারিত কর্মসম্পাদন রেজিষ্টারসমূহ প্রতিস্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করবেন।

১১) কর্মপরিকল্পনা অনুসারে কৃত্রিম প্রজনন প্রযুক্তি সম্প্রসারণ, বাছুর পালন ব্যবস্থাপনা, উন্নত জাতের ঘাস চাষ, প্রাণিপুষ্টি প্রযুক্তি সম্প্রসারণ, ঘাসের বাজার সৃষ্টি প্রভৃতি বিষয়ে উঠান বৈঠক, খামারি সমাবেশ, ইনফার্টিলিটি ক্যাম্পেইন ও সচেতনতামূলক ক্যাম্পেইন পরিচালনা ও প্রদর্শনী আয়োজন কাজে সহায়তা করবেন।

১২) কৃত্রিম প্রজনন সেবামূল্য বাবদ আদায়কৃত অর্থ চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করবেন এবং কৃত্রিম প্রজনন সেবামূল্য আদায় রেজিষ্টার হালনাগাদ রাখবেন।

১৩) নিরাপদ দুধ, ডিম ও মাংস উৎপাদনে কৃষক/খামারিদের পরামর্শ প্রদান এবং উন্নয়ন প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদান করবেন।

১৪) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব ও নির্দেশনা যথাযথভাবে পালন করবেন।

**পদের নাম: উপসহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা (প্রাণিস্বাস্থ্য)/কম্পাউন্ডার/ভেটেরিনারি কম্পাউন্ডার (উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল)** [ভেটেরিনারি হাসপাতালের রোগী নিবন্ধন, ব্যবস্থাপত্রের ডিসপেন্সিংসহ প্রাণি চিকিৎসা কার্যক্রমে সহায়তা প্রদান করবেন]

১) চিকিৎসা কার্যক্রমের দাপ্তরিক মাসিক কর্মপরিকল্পনা অনুসারে কার্যক্রম সুনির্দিষ্ট করবেন এবং উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অনুমোদন গ্রহণ করবেন।,

২) কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হবেন ও ভেটেরিনারি সার্জনের নিকট ব্যক্তিগতভাবে দায়বদ্ধ থাকবেন।

৩) মাসের শুরুতে হাসপাতালে ব্যবহার্য ঔষধ, চিকিৎসা যন্ত্রপাতি ও সহায়ক দ্রব্যাদির চাহিদাপত্র প্রস্তুত, সরবরাহকৃত ঔষধ, চিকিৎসা যন্ত্রপাতি ও সহায়ক দ্রব্যাদি গ্রহণ এবং নির্দেশনা/ব্যবস্থাপত্র অনুসারে জনসাধারণের মাঝে ঔষধ বিতরণ ও ঔষধ বিতরণের প্রমাণক সংরক্ষণ করবেন।

৪) ব্যবহৃত চিকিৎসা রেজিষ্টারসমূহের সারসংক্ষেপ তৈরী, মাসিক সম্প্রসারণ কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন (চিকিৎসা সেবা, সংক্রামক ও সাধারণ রোগ তথ্য, দাপ্তরিক সেবা প্রদান অংশ) ও মাসিক রোগাণুসন্ধান প্রতিবেদন প্রণয়নে ভেটেরিনারি সার্জনকে সহায়তা প্রদান করবেন।

৫) হাসপাতালে আগত পশু-পাখির বাহ্যিক পরিদর্শন, শারীরিক পরীক্ষা ও চিকিৎসা কাজে ভেটেরিনারি সার্জনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

৬) নির্ধারিত সেবামূল্যের বিনিময়ে হাঁস-মুরগির টিকা বিতরণ, রেজিষ্টারে তথ্যাদি লিপিবদ্ধকরণ ও আদায়কৃত সেবামূল্য নির্ধারিত সময়ে সরকারি কোষাগারে জমা প্রদান করবেন এবং প্রমাণক সংরক্ষণ করবেন।

৭) সাপ্তাহিক নির্ধারিত দিবসে হাসপাতালে আগত গবাদিপশু (প্রযোজ্য ক্ষেত্রে) ও হাঁস-মুরগির টিকা প্রদান কার্যক্রম পরিচালনা করবেন এবং টিকা প্রদান শীটে তথ্যাদি লিপিবদ্ধ করবেন।

৮) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অংশ হিসেবে পার্টিসিপেটোরি লাইভস্টক এসেসম্যান্ট, এভিয়ান ইনফ্লুয়েঞ্জা ইনভেস্টিগেশন, ডিজিজ ইনভেস্টিগেশন, ফার্ম এসেসম্যান্ট ও নমুনা প্রেরণের মাধ্যমে ডিজিজ সার্ভিলেন্স কার্যক্রম বাস্তবায়নে সহায়তা করবেন।

৯) সকল চিকিৎসা যন্ত্রপাতির ব্যবহার ও রক্ষণাবেক্ষন নিশ্চিত করবেন এবং অফিস আঙ্গিনা, অভ্যন্তরীণ রাস্তা, অফিসের ছাদ ও টয়লেটের পরিচ্ছন্নতার দায়িত্ব পালন করবেন।

১০) উন্নত জাতের ঘাসের ক্যাম্পাস নার্সারি তৈরী, নার্সারির রক্ষণাবেক্ষন এবং খামারিদের মাঝে কাটিং বিতরণ তথ্যাদি 'ঘাস চাষ সম্প্রসারণ শীটে' লিপিবদ্ধ করবেন।

১১) মডেল ভিলেজ বিষয়ক কার্যক্রম বাস্তবায়নে ভেটেরিনারি সার্জনকে সহযোগিতা প্রদান করবেন।

১২) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব ও নির্দেশনা যথাযথভাবে পালন করবেন।

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।